গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

অক্টোবর ২০২৩ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ সাইদুল আরীফ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৬ অক্টোবর, ২০২৩খ্রি.। |
| সভার সময় | : | বেলা ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| বিবেচ্য মাস | : | সেপ্টেম্বর, ২০২৩ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |
| ২ | **উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত/ সংস্কার সংক্রান্ত:**<br>সভায় এ জেলাধীন ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের উপজেলা, পৌর ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস ভবন মেরামত ও সংস্কার বিষয়ে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২৩-২০২৪ অর্থবছরে এ জেলার ৬ (ছয়) টি উপজেলা ভূমি অফিস এবং ২২ (বাইশ) টি ইউনিয়ন ভূমি অফিস মোট ২৮ (আটাশ) টি ভূমি অফিস ভবন মেরামত ও সংস্কারের প্রস্তাব এ কার্যালয়ের স্মারক নং- ৩১.৪৭.৪৯০০.০০৬.০৫. ০২২.১৮. ১০৮২, তারিখ: ২০ আগষ্ট ২০২৩ মোতাবেক ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি।<br>বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ২০২৩-২০২৪ অর্থবছরে মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর ভবন মেরামত ও সংস্কারের জন্য বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |
| ৩ | **জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়,ঢাকার ২৯/০৮/২০১৮ তারিখের- ৩১.০০. ০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯ নং স্মারক মোতাবেক কুড়িগ্রাম জেলায় নির্মিতব্য/নির্মিত উপজেলা ভূমি অফিস, পৌর ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য ইতোপূর্বে জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।<br>নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিতকরণের নিমিত্ত জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | প্রত্যেকটি উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস, ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সদস্যগণকে নিয়মিত পরিদর্শন করতে হবে এবং প্রতিমাসে নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে সভা করে কার্যবিবরণী ভূমি মন্ত্রণালয়, ঢাকা এবং জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |

| ক্রঃনং | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪ | **বিবিধ:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় আরো জানান এ জেলাধীন যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নিজস্ব ভবন নেই, তার তালিকা এবং নতুন ভবন নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত জমির তফসিল ও তথ্য ছক মোতাবেক আগামী ২৯/১০/২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে ১২ অক্টোবর ২০২৩ তারিখের ৩১.৪৭.৪৯০০. ০০৬. ০৫.০২২.১৮.১৪৪৭(৯) নম্বর স্মারকে পত্র দেয়া হয়েছে। | যে সকল ইউনিয়ন ভূমি অফিসের নিজস্ব ভবন নেই, তার তালিকা এবং নতুন ভবন নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত জমির তফসিল ও তথ্য ছক মোতাবেক ২৯/১০/২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবান্ধব করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর
আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের
জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ১৫৪৭(২৫)

তারিখ : ১৭ কার্তিক, ১৪৩০
০২ নভেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম।
৬। উপজেলা নির্বাহী অফিসার,..............................,(সকল), কুড়িগ্রাম।
৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
৮। সহকারী কমিশনার (ভূমি),,..............................,(সকল)কুড়িগ্রাম।
৯। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি।

০২/১১/২০২৩
জেলা প্রশাসক
কুড়িগ্রাম